**রথীন্দ্র নাথ রায়**
**উপপরিচালক**
স্থানীয় সরকার, ঝিনাইদহ
ও
**সাবেক প্রশাসক**
ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
ঝিনাইদহ



# বাণী

এ অঞ্চলের ব্যবসা-বাণিজ্য, কৃষি ও শিল্পের উন্নয়ন, সম্ভাবনা এবং অর্জন তুলে ধরে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি "বার্ষিক প্রতিবেদন ২০২৪" প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। বিভিন্ন শস্য, ফল, ফুল, কলা ও কৃষিখাতে ব্যাপক উৎপাদন এ জেলার কৃষিজাত শিল্প প্রসারের অপার সম্ভাবনা সৃষ্টি করেছে। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ব্যবসায়ী ও উদ্যোক্তাদের সুসংগঠিত করে উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করার মাধ্যমে এ জেলার অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। আমি বিশ্বাস করি "বার্ষিক প্রতিবেদন ২০২৪" এ জেলার ব্যবসায়ীদের অর্জন, অর্থনৈতিক সাফল্য ও ভবিষ্যত করণীয় সঠিকভাবে প্রতিফলিত হবে এবং ব্যবসায়ীদের ব্যবসা সম্প্রসারণে অনুপ্রেরণা যোগাবে।

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র "বার্ষিক প্রতিবেদন ২০২৪" প্রকাশের সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(রথীন্দ্র নাথ রায়)